দৈনিক ইনকিলাব

তারিখ 12 OCT 1993
পৃষ্ঠা 6 কলাম 8

## চিঠিপত্র

### শিক্ষার এ অবক্ষয় কেন?

শিক্ষাই জাতির মেরুদণ্ড। সুশিক্ষা মানুষকে সার্বিক উন্নতির দিকে রূপান্তরিত করে। শিক্ষার মান উন্নয়নে সরকার যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং বাজেটেও সর্বোচ্চ বরাদ্দ রেখেছেন। অথচ আমাদের শিক্ষার মান দিন দিন খারাপের দিকে, যা আমাদেরকে যথেষ্ট দুশ্চিন্তায় ফেলে দিয়েছে। দেশের সব স্থানে ব্যাঙের ছাতার মত স্কুল-কলেজ গড়ে উঠছে কিন্তু লেখাপড়ার মান নিম্নমুখী। তার জন্য নিশ্চয় শিক্ষক সমাজ দায়ী। অতীতে শিক্ষকরা বর্তমানের তুলনায় সুযোগ-সুবিধা অনেক কম পেতেন তবুও শিক্ষার পরিবেশ ও মান ছিল বহুগুণে উন্নত। তার কারণ তখনকার শিক্ষকদের মন মগজ ছিল শিক্ষাদানের উপযোগী, নামকাওয়াস্তে নয়। বর্তমানে স্কুল-কলেজে ঠিকভাবে লেখাপড়া না হওয়ার দরুন পাশাপাশি কোচিং সেন্টার আরম্ভ হওয়ায় ও ঘরে ঘরে টিউশনী প্রথা চালু হওয়ায় অভিভাবকদের পক্ষে উভয় ব্যয়ভার বহন করা কষ্টকর হয়ে পড়েছে, যার জন্য স্কুল-কলেজের প্রয়োজনীয়তা কমে যাচ্ছে। শিক্ষক সমাজের প্রতি অনুরোধ, তারা যেন কালক্ষেপণ না করে সঠিকভাবে শিক্ষার মান সমুন্নত রাখাতে সচেষ্ট হন।

—আলহাজ বশিরউদ্দিন আহমদ,
৩২৬ শাহ মস্তফা রোড,
মৌলবী বাজার।